দৈনিক বাংলা

তারিখ 20 JUL 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

51/ 44

### শিক্ষক ধর্মঘটের জন্য বিলম্বে খাতা বন্টন

# এসএসসি পরীক্ষার ফল প্রকাশে দেরী হবে

জালাল আহমেদ : দেশের চারটি শিক্ষা বোর্ডের মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশে এবার দেরী হবে। পরীক্ষা চলাকালে শিক্ষক ধর্মঘট, বিলম্বে খাতা বন্টন ও খাতা গ্রহণে দেরী হওয়ায় এ সমস্যা দেখা দিয়েছে। তাছাড়া কম্পিউটার মেশিনগুলো বেশীর ভাগ সময় ছিল বিকল। ক্রটিমুক্ত ফল প্রকাশের স্বার্থেই দেশে এই প্রথম কম্পিউটার সিস্টেমে ফল প্রকাশ শুরু হয়।

উল্লেখ্য এবার সারাদেশের ৬৪৪টি পরীক্ষা কেন্দ্রে মোট ৬ লাখ ৯২ হাজার ৭৪১ জন পরীক্ষার্থী এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে এবং এবারই দেশে প্রথমবারের মতো কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষার খাতা দেখা শুরু হয়।

পরীক্ষা নিয়ন্ত্রণের সঙ্গে সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্র জানায়, পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষকদের ধর্মঘট, পরীক্ষার্থীদের খাতার ছক পূরণ সমস্যা, যথাযথ সময় খাতা বিলি ও গ্রহণ সংকট এবং কেন্দ্র থেকে সংশ্লিষ্ট বোর্ডে খাতা দেরীতে পাঠানো ফল প্রকাশে বিলম্ব হওয়ার অন্যতম কারণ।

অপর একটি সূত্র জানায়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কম্পিউটার সেন্টারকে প্রথম পর্যায়ে এই ফল প্রকাশের দায়িত্ব দেয়া হয়েছে। বুয়েট কম্পিউটার সেন্টারে কোন শিক্ষা বোর্ড থেকেই পুরো ফল এখনো পৌছেনি। গত ১৫ জুলাই পর্যন্ত বিভিন্ন বিষয়ের মাত্র ত্রিশ ভাগ রেজাল্ট এই সেন্টারে পৌছেছে বলে উক্ত সূত্র জানায়। এর মধ্যে যশোর ও কুমিল্লা বোর্ডের রেজাল্ট সিট অনেক কম পৌছেছে। (৮–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## এস এস সি পরীক্ষার ফল প্রকাশে দেরী হবে

বুয়েট কম্পিউটার সেন্টারের পরিচালক ডঃ মুজিবর রহমান মঙ্গলবার সকালে জানান, ফলাফল প্রকাশে যাতে বিলম্ব না ঘটে সেজন্য সোমবার থেকেই দিনরাত কাজ করা হচ্ছে।

কয়েকজন প্রধান পরীক্ষক জানান, অনেক খাতার কভার পাতার তিনটি খন্ডের মধ্যে একাংশ কেন্দ্র থেকে সরাসরি বুয়েটে পাঠানোর কথা থাকলেও তা এখনো পাঠানো হয়নি। অনেক খাতায় ছাত্ররা রেজিস্ট্রেশন নম্বর লেখেনি। কোন কোন খাতায় বিষয় কোড নম্বর উল্লেখ নেই। ফলে এ ধরনের ক্রটির কারণে ৪টি বোর্ডের কমপক্ষে ত্রিশ হাজার পরীক্ষার্থীর ফল স্থগিত থাকবে বলে জানা গেছে।

অন্য দিকে পরীক্ষকদের ছকের বৃত্ত পূরণে ভুল, নম্বর উঠাতে ভুল ইত্যাদি কারণে ফল প্রকাশে বিলম্ব হওয়ার আরও একটি কারণ।

ঢাকা বোর্ডের কন্ট্রোলার অফিস সূত্রে জানা গেছে সাধারণত পরীক্ষা (লিখিত) শেষ দিন থেকে তিন মাসের মধ্যে ফলাফল প্রকাশের নিয়ম রয়েছে। কিন্তু এবার নির্দিষ্ট সময়ের আরো দুই মাস পরে কোন কোন বোর্ডের ফল বেরুতে পারে। উল্লেখ্য, গত ২ মে থেকে এস এস সি পরীক্ষা শুরু হয়ে ১৩ মে শেষ হয়েছে।